

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ প্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ
স্কলারশিপ এন্ড ফেলোশিপ শাখা

স্মারক নম্বর-৩৭.০১.০০০০.০০০.০৭১.৩৪.০০০২.২০.৪৯০

তারিখঃ ২৩ নভেম্বর ২০২৫

বিষয়ঃ পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের মেধাবী শিক্ষার্থীদের জন্য ইউজিসি মেধাবৃত্তি ২০২৫ এর মনোনয়ন আহ্বান।

জনাব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মেধাবৃত্তি প্রোগ্রামের আওতায় পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের প্রত্যেক অনুষদ থেকে একজন করে মেধাবৃত্তির জন্য মনোনয়ন প্রদানের বিধান রয়েছে।

২। বর্ণিত অবস্থায়, আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদানের উদ্দেশ্যে যেসকল মেধাবী শিক্ষার্থী সর্বশেষ শিক্ষাবর্ষে স্নাতক পরীক্ষা সম্পন্ন করেছেন এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত আছেন সেসকল শিক্ষার্থীদের মধ্যে অনুষদে সর্বোচ্চ সিজিপিএ/নম্বর শিক্ষার্থীদের মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র প্রকৌশল, কৃষি ও চিকিৎসা বিষয়ক অনুষদের ক্ষেত্রে সকল বিভাগের স্নাতক (শেষবর্ষ)-এর পূর্বের পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর পরই উক্ত ফলাফলের ভিত্তিতে প্রতি অনুষদ থেকে একজন শিক্ষার্থীর মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সর্বোচ্চ ০১ (এক) জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে (প্রতি বছর হিসাবে মোট ০৪ বছরের জন্য) বৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থীর বিবরণ একই তালিকায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রতিবন্ধী হিসেবে বিবেচনার ক্ষেত্রে দৃষ্টিহীন প্রতিবন্ধীকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করা হবে।

৫। একই শিক্ষাবর্ষে একই অনুষদ থেকে একাধিক শিক্ষার্থীর মনোনয়ন না পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৬। এমতাবস্থায়, মনোনীত শিক্ষার্থীদের মনোনয়ন ফরম Nikosh ফন্টে পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে আগামী ৩১-১২-২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিশেষ দৃষ্টব্যঃ প্রত্যেক অনুষদের মনোনয়ন ফর্ম প্রয়োজনীয় সংযুক্তিসহ অবশ্যই রেজিস্ট্রারের অগ্রায়নপত্রের (শিক্ষার্থীদের নামের সংক্ষিপ্ত তালিকাসহ) মাধ্যমে একসাথে পাঠাতে হবে।

উক্ত পত্র জারির পর কমিশন থেকে মেধাবৃত্তির জন্য আর কোনো মনোনয়ন আহ্বান করা হবে না, বরং বিশ্ববিদ্যালয়সমূহ উক্ত নির্দেশনা মোতাবেক কমিশনে যথাসময়ে মনোনয়ন প্রেরণ করবেন এবং উল্লিখিত তারিখের পর কোনো মনোনয়ন গ্রহণ করা হবেনা। ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নীতিমালা ও আবেদন ফরম কমিশনের ওয়েব সাইট (www.ugc.gov.bd) থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ নজরুল ইসলাম

উপপরিচালক, (স্কলারশিপ এন্ড ফেলোশিপ)

(আবেদনপত্র আগামী ১৫-১২-২০২৫ তারিখের মধ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৯১)/২০২৪/ ৯২৭

তারিখঃ ০৬-১২-২০২৫

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে)ঃ

- ১। ডিন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল), শেকৃবি, ঢাকা
- ৩। পরিচালক (সংশ্লিষ্ট), শেকৃবি, ঢাকা
- ৪। পরিচালক (আইসিটি সেল), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত পরিচালক/জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকৃবি, ঢাকা।
- ৬। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৭। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৮। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৯। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ১০। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা
- ১১। অফিস কপি

03-12-2025
(হরি কমল দাস)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)
শেকৃবি, ঢাকা-১২০৭